



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

নং- মশিবো/ময়মন/নেত্র/২০১৯/০৬২৮

তারিখ : ০৭/০৭/২২

### বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্ন লিখিত শাখা ও বিষয় সমূহসহ নেত্রকোণা জেলার সদর উপজেলাধীন “হেনা ইসলাম কলেজ” এর স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০১৯ তারিখ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

### শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

### বিষয়সমূহ :

১। বাংলা

২। ইংরেজি

আবশ্যিক : ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

১। পৌরনীতি ও সুশাসন

২। অর্থনীতি

৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

মানবিক : ৪। সমাজকর্ম

৫। ভূগোল

৬। ইসলাম শিক্ষা

৭। কৃষি শিক্ষা

১। হিসাব বিজ্ঞান

ব্যবসায় শিক্ষা : ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

১। পদার্থ বিজ্ঞান

বিজ্ঞান:

২। রসায়ন

৩। জীব বিজ্ঞান

৪। উচ্চতর গণিত

### শর্তসমূহ :

১. কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
২. কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা সবসময় জমা রাখতে হবে।
৩. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য ..... ২)

৪. প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট পাঠাতে হবে।
৫. কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিংবডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।
৬. প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।
৭. উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নতি করতে হবে।
৮. উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিংবডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
৯. কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।

(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে ব্যাংক রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
স্বাঃ

প্রাপকঃ অধ্যক্ষ

হেনা ইসলাম কলেজ  
(EIIN-135242)  
সদর, নেত্রকোণা।

শেখ মোঃ হাবিবুর রহমান  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।  
ফোন : ০৯১- ৫৩৩৩৬ (অ)  
ই-মেইল : inscollbisemym@gmail.com

মেমো নং : ০৬১৮

তারিখ : ২৭/০৭/২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. অফিস কপি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ।